

## শিক্ষামূলক সিরিজ

গতানুগতিক ভ্যাকসিন বনাম mRNA ভ্যাকসিন

---

Covid-19 ভাইরাস কেস বৃদ্ধি পাচ্ছে। নতুন পাওয়া ভ্যাকসিন সম্পর্কিত প্রশ্ন জনমনে বাড়ছে।

CASSA-এর Covid-19 ভ্যাকসিন শিক্ষা সিরিজ সেই প্রশ্নের উত্তর দিবে।

গতানুগতিক ভ্যাকসিন বনাম mRNA ভ্যাকসিন

গতানুগতিক ভ্যাকসিনগুলির মাধ্যমে শরীরে দুর্বল বা নিষ্ক্রিয় ভাইরাস সরবরাহ করা হয়। যখন ভ্যাকসিনটি শরীরে প্রবেশ করে তার প্রতিক্রিয়ায় শরীরের রোগ প্রতিরোধ ব্যবস্থাটি বা ইমুইন সিস্টেম উত্তেজিত হয়। যদি আমরা প্রকৃত সক্রিয় ভাইরাসের সংস্পর্শে আসি, তবে আমাদের কোষগুলিকে সংক্রামিত করার আগে প্রতিরোধের জন্য আমাদের প্রতিরোধ ক্ষমতা প্ৰস্তুত রয়েছে। কোভিড-১৯ ভ্যাকসিনগুলি পৃথক। তারা এম আর এন -এর মাধ্যমে তথ্যের নির্দেশনা দেয়, যাতে ভাইরাসের সাথে সম্পর্কিত একটি প্রোটিন তৈরি করতে পারে দেহে। যেহেতু এই প্রোটিনটি আমাদের দেহের জন্য অচেনা, তাই আমাদের দেহ এন্টিবডি তৈরি করে এই অচেনা প্রোটিনের বিরুদ্ধে আক্রমণ করে থাকে। আমরা যদি কখনও সত্যিকারের ভাইরাসের সংস্পর্শে আসি, তখন আমাদের প্রাকৃতিক প্রতিরোধ ব্যবস্থা এন্টিবডি তৈরি করে। বৈজ্ঞানিক অগ্রগতি, ভাইরাস সম্পর্কিত জ্ঞান, এবং এম আর এন ভ্যাকসিনের উপর কয়েক বছরের গবেষণার ফলে অতি স্বল্প সময়ের মধ্যে একটি কোভিড-১৯ ভ্যাকসিন তৈরি করা সম্ভব হয়েছিল।

কোভিড-১৯ ভ্যাকসিন সম্পর্কে আরও জানতে চান? Covid-19 ভ্যাকসিন শিক্ষা সিরিজে CASSA-এর দ্বিতীয় ভিডিও দেখুন।

পাবলিক হেলথ অন্টারিও থেকে প্রাপ্ত তথ্য।